



লন্ডনে হাসনাত আবদুল্লাহসহ ৪ জনের বিরুদ্ধে মামলা



হাসনাত আবদুল্লাহ। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যে অবস্থানরত জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক ও কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহসহ চারজনের বিরুদ্ধে মামলা দায়েরের অভিযোগ উঠেছে। মামলাটি লন্ডনের একটি থানায় করা হয়েছে বলে জানিয়েছে দলটির যুক্তরাজ্য শাখা।

এনসিপির তথ্য অনুযায়ী, মামলার অন্য আসামিরা হলেন এহতেশাম হক, জাকির চৌধুরী ও শাহীন আলম। এছাড়া কয়েকজন অজ্ঞাত ব্যক্তিকেও আসামি করা হয়েছে। জাকির চৌধুরীকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ থানায় নিয়ে গেছে বলেও দাবি করা হয়েছে।

শনিবার এক বিবৃতিতে এনসিপি ইউকে অ্যালায়েন্স অভিযোগ করে, হাসনাত আবদুল্লাহ ও তার সফরসঙ্গীদের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে অপপ্রচার ও হয়রানির চেষ্টা চলছিল। মামলাটি সেই ধারাবাহিকতার অংশ বলেও দাবি তাদের।

বিবৃতিতে বলা হয়, আওয়ামী লীগের সমর্থকরা হামলা ও মারধরের অভিযোগ এনে আইনশৃঙ্খলা বাহিনীকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। তবে এসব অভিযোগের কোনো ভিত্তি নেই বলে দাবি করেছে সংগঠনটি।

এনসিপির পক্ষ থেকে আরও বলা হয়, যুক্তরাজ্যে নিষিদ্ধ আওয়ামী লীগের কার্যক্রম ও এর সম্ভাব্য প্রভাব নিয়ে সংশ্লিষ্ট একটি সংস্থা অনুসন্ধান চালাচ্ছে। একই সঙ্গে তারা যুক্তরাজ্যের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পেশাদার ভূমিকার প্রশংসা করেছে।

দলটির দাবি, হাসনাত আবদুল্লাহর বিভিন্ন কর্মসূচি ও প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় কার্যক্রমকে বাধাগ্রস্ত করার চেষ্টা হলেও তা সফল হয়নি। এ ধরনের উদ্যোগ ভবিষ্যতেও ব্যর্থ হবে বলেও মন্তব্য করেছে এনসিপি।